হৃদয়ের ছন্দে মনের কথা

কাব্যকথা

তাহিন ভুঁইয়া (ছায়াপথিক)

সা
প্র
সাগরিকা প্রকাশনী

কাব্যকথা

তাহিন ভুঁইয়া

প্রকাশকাল

অক্টোবর, ২০২৬

প্রকাশক

চাষী এসকে খান

সাগরিকা প্রকাশনী

গাজীপুর চৌরাস্তা, গাজীপুর, বাংলাদেশ।

মোবাইল : ০১৭৩১-৫৬৪১৬৪, Email: sagorikaprokasoni@gmail.com

বর্ণবিন্যাস

মোঃ জহির উদ্দীন

প্রচ্ছদ

মোঃ জহির উদ্দীন

মুদ্রণে

সাগরিকা প্রিন্টার্স

২৮/১, রূপচাঁদ লেন, ঢাকা- ১১০০

মূল্যঃ ৩০০.০০ টাকা

ISBN: 978-984-29056-0-0

Kabbo Kotha Written by Tahin Bhuya (Chhayapothik),
Published by **Sagorika Prokashoni**
Gazipur Chowrasta, Gazipur, Bangladesh.

Price: Three Hundred Tk Only.

উৎসর্গ

আমার জীবনের সবচেয়ে বড় শক্তি,
আমার পৃথিবীর সবচেয়ে প্রিয় দুই মানুষ—
আমার আব্বা এবং আম্মা।
যাদের অন্তহীন ত্যাগ, মায়া আর দোয়ার ছায়ায় আমি আজকের এই 'আমি' হয়ে উঠতে পেরেছি।
এবং আমার পরিবারের প্রতিটি প্রিয় মুখ—
আমার ভাই, বোন এবং যাদের স্মৃতি আমার হৃদয়ে আজীবন বেঁচে থাকবে;
এরই সাথে আমার পথচলার অন্যতম শক্তি, আমার সুখ-দুঃখের ভাগীদার এবং আমার সবচেয়ে প্রিয় বন্ধু যার নিঃস্বার্থ বন্ধুত্ব, আড্ডা আর ভরসা আমার জীবনের অন্যতম সেরা পাওয়া;
তাদের সবার প্রতি গভীর ভালোবাসা ও মায়ায় এই 'কাব্যকথা' উৎসর্গ করলাম।

ভূমিকা

মানুষের মনের ভেতর এমন কিছু কথা, কিছু অব্যক্ত অনুভূতি জমে থাকে, যা কখনো মুখে প্রকাশ করা যায় না। যখন সেই অনুভূতিগুলো গভীর মায়ায় শব্দ ধারণ করে সাদা পাতায় রূপ নেয়, তখনই জন্ম হয় কবিতার। 'কাব্যকথা' মূলত আমার তেমনই কিছু একান্ত অনুভূতির সহজ-সরল বহিঃপ্রকাশ।

এই বইয়ের প্রতিটি লাইনে মিশে আছে আমার জীবনের সবচেয়ে প্রিয় মানুষগুলোর প্রতি ভালোবাসা, শ্রদ্ধা আর গভীর মায়া। যাদের হাত ধরে আমার প্রথম কথা বলা, প্রথম হাঁটতে শেখা—সেই বাবা-মায়ের প্রতি অসীম কৃতজ্ঞতা প্রকাশ পেয়েছে এই কবিতাগুলোতে। পাশাপাশি ভাই-বোনের মধুর সম্পর্ক, প্রিয় খালার অমলিন স্মৃতি, সৃষ্টিকর্তার প্রতি পরম ভক্তি এবং আমাদের সমাজের কিছু নির্মম ও বাস্তব চিত্র আমি আমার নিজের মতো করে খুব সহজ ভাষায় ফুটিয়ে তোলার চেষ্টা করেছি।

এটি আমার জীবনের প্রথম কাব্যপ্রয়াস। একজন সাধারণ মানুষ হিসেবে মনের তাগিদ থেকেই কবিতাগুলো লেখা। যদি এই 'কাব্যকথা'-র কোনো একটি লাইনও কোনো পাঠকের হৃদয় স্পর্শ করতে পারে, তবেই লেখক হিসেবে আমার এই প্রচেষ্টা সার্থক হবে।

আমার এই কাব্যযাত্রায় যারা আমাকে অনুপ্রেরণা দিয়েছেন, তাদের সবার প্রতি রইল আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা।

- তাহিন ভুঁইয়া (ছায়াপথিক)



কবিতা	পৃষ্ঠা	পৃষ্ঠা	কবিতা
মা কথাটি	৭	৪০	বুকের পাজরে
বাবা	৮	৪১	অভিমানের পরেও মা
বড় ভাই	৯	৪২	বন্ধু ডাকে
বড় বোন	১১	৪৪	সুইটি
ছোট ভাই	১২	৪৬	মন খারাপের দেশে
ছোট বোন	১৪	৪৮	বন্ধুত্বের বন্ধন
মাগো তুমি	১৬	৫০	হারিয়ে গেছে
মা	১৮	৫১	বন্ধুত্বের স্মৃতি
ভালোবাসি মা	২০	৫৩	চলনা আবার যাই
বাবা মা	২২	৫৫	হারানো স্মৃতি
বড় খালা	২৫	৫৭	বেস্টফ্রেন্ড আমার
নানুমণি	২৭	৫৮	বান্ধবী
মাইমুনা	২৮	৫৯	হারিয়ে গেছিস তুই
জাকিয়া	২৯	৬০	বেস্টফ্রেন্ড
আমার ভালোবাসা	৩০	৬১	পার্টনার
আম্মু	৩১	৬৩	মায়াপরির খোঁজ
ভালোবাসি	৩৩	৬৪	মায়াপরি
তুই সেই মানুষ	৩৪	৬৫	মায়াপরির অভিমান
হাসিমাখা মুখ	৩৫	৬৬	মায়াপরিতে আসক্ত
প্রেম	৩৬	৬৭	আমার হারামি
ওয়াদা	৩৭	৬৯	হাজার নামে ডাকব
প্রিয় কবি	৩৮	৭১	ব্যাচ ২০২৩
ফাতেমা (রা.)	৩৯	৭৩	তোর অভাবে

সোনামণি	৭৪	১১২	পথশিশু
ছোটবেলা	৭৫	১১৩	ভালো নেই
প্রিয় অতিথি	৭৭	১১৪	বন্যা
মেয়ে হয়ে	৭৯	১১৫	সুখ
আল্লাহ মহান	৮০	১১৬	অবসর সময়
স্রষ্টা	৮১	১১৭	ভালো আছি
জীবন নামের ঘুড়ি	৮২	১১৯	সুখের জীবন
মরণ ঘাট	৮৩	১২০	যান্ত্রিক জীবন
পাপের বোঝা	৮৫	১২১	পুরনো আমি
ওযু	৮৭	১২৩	স্বৈরাচার
রমজান	৮৮	১২৪	বন্ধু হবে
জাগো হে নজোয়ান	৮৯	১২৬	মনের রাজ্য
আপন নীড়	৯২	১২৭	স্মৃতির নদী
নামাজ	৯৪	১২৮	হারানো স্বপ্ন
অপরূপ সৃষ্টি	৯৫	১২৯	শূন্য আকাশ
পর্দা	৯৭	১৩০	অভিমানী চোখ
পরপারের বাড়ি	৯৯	১৩১	আয়না
অহংকার	১০০	১৩২	একুশে ক্লান্ত আমি
মুনাজাত	১০২	১৩৩	শেষ দেখা
মানব জীবন	১০৪	১৩৪	অচেনা পথ
কলমই আমার শক্তি	১০৫	১৩৫	অচেনা আমি
শুভেচ্ছা জানাই	১০৬	১৩৬	শান্তির খোঁজ
শুভ জন্মদিন	১০৭	১৩৭	বৃষ্টির ভেজা হাসি
বই	১০৮	১৩৮	মেঘের আড়ালে আলো
দোষ	১০৯	১৩৯	হারিয়ে যাওয়া চিঠি
ইচ্ছে করে	১১০	১৪০	কেউ যদি বুঝতো
হেরে যাই	১১১	১৪১	কাব্যকথা

মা কথাটি

মা কথাটি ছোট্ট খুবই,
শুনতে মধুর লাগে,
এমন মধুর শব্দ কোথাও
শুনিনি আমি আগে।

মা যে তুমি বন্ধু আমার,
মায়া-মমতায় ঘেরা,
মা-ই আমার উত্তম বন্ধু,
মা যে সবার সেরা।

মাগো, তুমি পৃথিবীতে
এই দু'চোখের আলো,
বলতে আমি পারিনি কখনো
বাসি তোমায় কত ভালো।

মাগো, তুমি আমার জীবন,
আমার সকল চাওয়া,
তোমায় ছাড়া অন্ধ আমি,
অপূর্ণ সব পাওয়া।

বাবা

বাবা পৃথিবীর ছায়া,
বাবা পৃথিবীর মায়া।
বাবা অফুরন্ত আদর,
বাবা ভালোবাসার চাদর।

বাবা উত্তম বন্ধু,
বাবা ভালোবাসার সিন্ধু।
বাবা কষ্টের মাঝে সুখ,
বাবা জীবনের হাসিমাখা মুখ।

বাবা, তুমি জীবনের আশা,
বাবা, তুমি আমার ভালোবাসা।
তোমার স্নেহ স্বার্থের বিপরীতে,
নিঃস্বার্থ ভালোবাসার আলোতে।

তুমি হলে বটবৃক্ষের ছায়া,
নিষ্ঠুর এই পৃথিবীতে;
তোমার স্নেহের পরশ পাই
জীবনের প্রতিটি প্রহরেতে।

বড় ভাই

বাবার পরে যার ছায়াটি
মাথার ওপর পাই,
সবার চেয়ে সেরা সে যে—
আমার বড় ভাই।

প্রাণের চেয়েও বেশি আমি
ভাইয়া, তোমায় ভালোবাসি,
তোমার মাঝেই লুকিয়ে থাকে
আমার মুখের হাসি।

ভাইয়া যদি টম হতো,
আমি হতাম জেরি,
দুজন মিলে করতাম শুধু
ঝগড়া নানান ফেরি।

মারামারি আর খুনসুটিতে
কাটত সারা বেলা,
পিছুটানহীন জড়িয়ে আছে
সেই যে ছেলেবেলা।

ছোটবেলার স্মৃতিগুলো
তাঁর সাথে সব গাঁথা,

তাঁকে ছাড়া আমি যেন
একলা কোনো লতা।

হয়ে যখন একা আমি,
যার কথায় এ মনে
একটুখানি ভরসা পাই
জীবনের প্রতি ক্ষণে।

সে-ই হলো সবার সেরা,
আমার বড় ভাই,
তাঁর চেয়ে তো আপন মানুষ
এই ভুবনে নাই।

ভাইয়া হলো আমার কাছে
অন্যরকম পাওয়া,
তাঁর কাছেই তো পূরণ হয়
আমার সকল চাওয়া।

বড় বোন

মায়ের পরে যে মানুষটি
হয় সবার আপন,
সে হলো সবচেয়ে প্রিয়—
লক্ষ্মী একটি বড় বোন।

ইশ! থাকত যদি
আমার একটি বড় বোন,
তার কাছে সকল চাওয়া
হতো আমার পূরণ।

সে আমাকে করত আদর,
করতাম কত দুষ্টুমি,
সে হতো বেস্ট ফ্রেন্ড আমার,
তার হতাম আমি।

সে আমায় করত শাসন
করতাম যদি ভুল,
সে হতো আমার কাছে
অন্যরকম এক ফুল।

দিল না ওই বিধাতা
একটি বড় বোন,
পেলাম না আমি ত্রিভুবনে
এমন আপন জন।

ছোট ভাই

দুই নয়নের তারা রে তুই
কলিজার ছোট ভাই,
সারাজীবন থাকিস পাশে
এটাই আমি চাই।

তুই হইলি পৃথিবীতে
একটুকু খানি আশা,
তুই আমার জীবনে
বিপদের মাঝে ভরসা।

তোর জন্য এই মনে
আছে অনেক ভালোবাসা,

তুই হইলি সেরা উপহার
ঐ বিধাতার দান।
তোর সাথে করি কত
ঝগড়া মান-অভিমান,

তুই হইলি আমার আকাশে
একটি শুকতারা।
পারি না কিছু ভাবতে
আমি তোকে ছাড়া,

তোর জন্য দুহাত তুলে
দোয়া করে যাই।
সারাজীবন থাকিস ভালো
এটাই আমি চাই,

তুই হইলি কলিজার টুকরা
আমার ছোট ভাই।

ছোট বোন

তোর আগমনে ফুটেছিল ফুল
আমার মনের বাগানে,
তুই হইলি ভাঙা ঘরে
একটু চাঁদের আলো।
দোয়া করি তুই যেন
থাকিস সদা ভালো,

সোনামণি যাদুমণি
লক্ষ্মীসোনা আমার।
তুই হইলি সবার জীবনে
কারণ খুশি থাকার,

তুই হইলি ছোটবোন
দুই নয়নের মণি।
তুই হইলি সাত রাজার ধন
সোনার চেয়ে দামি,

তোকে ছাড়া এই জীবনে
পারি না কিছু ভাবতে।
একদিনও পারবো না আমি
তোকে ছাড়া থাকতে,

তুই হইলি আমাদের সবার
একটু সুখের হাসি।
তুই হইলি দুই নয়নের তারা
তোকে অনেক ভালোবাসি,

তুই আমার এই পৃথিবীতে
এক পশলা আলো।
দোয়া করি তুই যেন
থাকিস সদা ভালো।